

অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল  
বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি  
মনোযোগ সহকারে পড়ে প্রাথমিক  
আবেদন পূরণ করতে হবে।

২০২১-২০২২শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি ইচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি ইচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রাথমিক আবেদনের ফি বাবদ ৩০০/- টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম এর সাথে এস.এস.সি, এইচ.এস.সি এবং ডিগ্রীর মার্কসীট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করে কলেজের ভর্তি শাখায় ১৫/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।

১. প্রাথমিক আবেদন পূরণ সংক্রান্ত করণীয়:


- ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজি: নম্বর, পাসের সন, ব্যক্তিগতহ নিবন্ধিত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে।
- খ) এ পর্যায়ে আবেদনকারীর ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।
- গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে আবেদনকারীর ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে। উক্ত তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীদের এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে।
- ঘ) মুক্তিযোদ্ধার স্ত্রী/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা (করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্ত্রী/স্ত্রীদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।
- ঙ) প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পামপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150pixels, Image Type:jpg এবং maximum file size:50kb হতে হবে। আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4(8.5"×11") অফসেট সাদ কাগজে] প্রিন্ট(Print)/পিডিএফ কপি সংগ্রহ করে ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ৩০০/- টাকা জমা দিয়ে প্রাথমিক আবেদন ফরম এর সাথে এস.এস.সি, এইচ.এস.সি এবং ডিগ্রীর মার্কসীট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করে কলেজের ভর্তি শাখায় নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

২. ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার নিয়ম।

Biller ID	Bill Number
Biller ID এর জায়গায় 3288 লিখতে হবে।	Bill Number এর জায়গায় প্রাথমিক আবেদন রোল নম্বর ও মোবাইল নম্বর লিখতে হবে।

প্রাথমিক আবেদন ফরমের ফি জমা দেওয়ার পর প্রার্থী ডাচ বাংলা ব্যাংক Rocket থেকে একটি SMS পাবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে প্রাথমিক আবেদন বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র. প্রাথমিক আবেদনের ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

  
(প্রফেসর ড. মোঃ আমিনুল হক)

অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।